দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ২



রায়পুরা (নরসিংদী): উপজেলার বিয়াম ল্যাবরেটরি স্কুলে রাতে পাঠদান করা হচ্ছে —ইত্তেফাক

# রায়পুরায় স্কুলে রাতের পাঠদানে ব্যাপক সাড়া

■ রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা

নরসিংদীর রায়পুরা উপজেলা বিয়াম ল্যাবরেটরি স্কুলে শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত পাঠদান ছাড়াও চলছে বিকাল ৪টা থেকে রাত সাড়ে আটটা পর্যন্ত অতিরিক্ত পাঠদান কার্যক্রম। যার ফলে বাসা-বাড়িতে ও প্রাইভেট পড়ার ঝামেলা থেকে মুক্ত অভিভাবক মহল। ফলে অতিরিক্ত পাঠদানের বিষয়টি অভিভাবক মহলে ব্যাপক সাড়া জাগিয়েছে।

জানা যায়, ২০০৬ সালে তৎকালীন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্কুলের প্রতিষ্ঠাতা সভপাতি মোঃ শাহ আলমের একান্ত প্রচেষ্টায় উপজেলা পরিষদের ৩৩ শতাংশ জমি নিয়ে রেল লাইনের পাশে গড়ে তোলা হয় উপজেলা পরিষদ বিদ্যানিকেতন। ৬ জন শিক্ষক ও ৭০ জন শিক্ষার্থী নিয়ে এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। পরে ২০১৩ সালের জানুয়ারিতে বর্তমান নির্বাহী কর্মকর্তা ও স্কুলের সভাপতি মোঃ আব্দুল মতিনের সার্বিক তত্ত্বাবধানে বিদ্যালয়টির নাম পরিবর্তন করে "উপজেলা বিয়াম ল্যাবরেটরি স্কুল" রাখা হয়। পাশাপাশি স্কুলের অবকাঠামো, মাল্টিমিডিয়া ক্লাস, পরীক্ষার ফলাফল, স্কুলে নান্দনিক ফুলের বাগান ও স্থাপনাসহ প্রতিষ্ঠানের চারপাশে ব্যাপক পরিবর্তন আনা হয়। বর্তমানে প্রায় ৪শ শিক্ষার্থীর পাঠদানের জন্য রয়েছে ১৪ জন শিক্ষক-শিক্ষিকা। স্কুলটি বর্তমানে দুই শিফটে পরিচালিত হচ্ছে। নিয়মিত পাঠদান শেষে বিকাল ৪টা থেকে মাঝখানে বিরতিসহ রাত সাড়ে আটটা পর্যন্ত চলে ৫ম শ্রেণির ৫৬ জন শিক্ষার্থীর অতিরিক্ত পাঠদান কার্যক্রম। যার ফলে বাসা-বাড়িতে ও প্রাইভেট পড়ার প্রয়োজন না হওয়ায় অভিভাবক মহলে বিষয়টি ব্যাপক সাড়া জাগিয়েছে।